3253 - গর্ভবতী ও স্তন্যদায়ী নারীর জন্য রোযার কাযা পালন ছাড়া অন্য কোন সমাধান আছে কি?

প্রশ্ন

যে নারীর একাধিক বছরের অনেক দিনের রমযানের রোযা ছুটে গেছে; তাকে কি এই সবগুলো দিনের রোযা কাযা পালন করতে হবে; এমনকি দিনের সংখ্যা যদি বেশি হয়? নাকি দশজন মিসকীন খাওয়ানোর মত অন্য কোন সুযোগ তার জন্য আছে? এই রোযাগুলোর কাযা পালন করার পূর্বে অন্য কোন নফল রোযা পালন করা কি তার জন্য জায়েয হবে; যেমন শাওয়ালের ছয় রোযা? যদি সে এই মাসগুলোর রোযা পালন না করতে করতে নতুন রমযান চলে আসে; তাহলে কি তার সওয়াব কম হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি কোন নারী প্রসবজনিত বা দুধ খাওয়ানো-জনিত ওজরের কারণে রোযা রাখতে না পারেন তাহলে সে নারীর কর্তব্য এই ওজর দূর হওয়ার সাথে সাথে সেই রোযাগুলোর কাযা পালন করা। যেভাবে একজন রোগ থেকে সুস্থ হওয়া ব্যক্তি করে থাকেন। যেমনটি তার ব্যাপারে আল্লাহ্ তাআলা বলেছেন: ‘আর কেউ অসুস্থ থাকলে কিংবা সফরে থাকলে সে অন্য দিনগুলোতে এ সংখ্যা পূরণ করবে।’[সূরা বাক্বারা, আয়াত: ১৮৪]

এই নারী রোযাগুলো ভিন্ন ভিন্ন সময়ে রাখতে পারেন; যাতে করে তার জন্য সহজ হয়।[দেখুন: রোযার সত্তরটি মাসয়ালা বইটা]

পরবর্তী রমযান আসার আগেই তিনি রোযাগুলোর কাযা পালন করবেন। আর যদি তার ওজর চলমান থাকে তাহলে তিনি সক্ষম হওয়ার সময় পর্যন্ত দেরী করতে পারেন। যদি রোযা রাখতে সম্পূর্ণরূপে অপারগ না হন তাহলে তিনি খাদ্য খাওয়ানোর অপশনে যাবেন না।

আল্লাহ্ই সর্বজ্ঞ।